অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/30/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো COVID-19 মহামারীর সময়ে এবং পরে কর্মীদের প্রশিক্ষণ এবং উদ্যোক্তাদের সহায়তা দিতে 18 মিলিয়ন মার্কিন ডলারের উদ্যোগ ঘোষণা করেছেন

যেসব শিক্ষামূলক সুযোগ নিউ ইয়র্কবাসীদের ইন-ডিমান্ড চাকরির জন্য প্রশিক্ষণ প্রদান করে, উদ্যোক্তাদের সহায়তা করে, এবং ছোট ব্যবসায়ীদের পুনরুদ্ধার করতে সাহায্য করে তাদের অর্থায়নে ফেডারেল অনুদান ব্যবহার করা হবে

নিউ ইয়র্ক অনুদান পাওয়া জাতির মাত্র আটটি রাজ্যের একটি ছিল এবং সব রাজ্যের মধ্যে সবচেয়ে বেশি তহবিল নিউ ইয়র্ককে পুরস্কৃত করা হয়

নিউ ইয়র্ক স্টেটের কর্মী উন্নয়ন সচেতনতা সপ্তাহের অংশ হিসাবে অনুদানের ঘোষণা করা হয়

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে কর্মী উন্নয়ন সচেতনতা সপ্তাহের সময়ে নিউ ইয়র্ক স্টেটকে 18 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল অনুদান প্রদান করা হয়েছে যা যেসব শিক্ষামূলক সুযোগ নিউ ইয়র্কবাসীদের ইন-ডিমান্ড চাকরির জন্য প্রশিক্ষণ প্রদান করে, উদ্যোক্তাদের সহায়তা করে, এবং ছোট ব্যবসায়ীদের পুনরুদ্ধার করতে সাহায্য করে তাদের অর্থায়নে ব্যবহার করা হবে। নিউ ইয়র্ক ছিল মাত্র আটটি রাজ্যের একটি যারা এই তহবিল গ্রহণ করেছে - যা কেয়ারস অ্যাক্টের মাধ্যমে উপলভ্য করা হয়েছে - এবং যেকোন রাজ্যের মধ্যে সবচেয়ে বেশি অনুদান লাভ করেছে।

"করোনাভাইরাস মহামারী এখনো শেষ হয়নি, এবং যেহেতু আমরা এই মারাত্মক ভাইরাসের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাচ্ছি, আমাদের অবশ্যই অর্থনৈতিক বিপর্যয়ের প্রতি সাড়া দিতে হবে। লক্ষ লক্ষ আমেরিকান কাজের বাইরে থাকায়, আমাদের অবশ্যই নিউ ইয়র্কবাসীদের এই কঠিন অর্থনৈতিক পরিস্থিতিতে প্রতিদ্বন্দ্বিতা করা এবং সফল হওয়ার জন্য তৈরি করতে উপলভ্য প্রতিটি সম্পদ ব্যবহার করতে হবে," **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো বলেন,** "আমাদের কর্মীদল আমাদের অর্থনীতির ভিত্তি, এবং আমি জানি যে এই তহবিল শিক্ষা এবং শিল্পের মধ্যে ব্যবধান মেটাতে সাহায্য করবে, যার ফলে রাজ্য জুড়ে চাকরি খোঁজা ব্যক্তি এবং ছোট ব্যবসা উভয়কে উন্নীত করে আমরা আরো ভালোভাবে গড়ে তুলতে সাহায্য করব।"

"নিউ ইয়র্কবাসীদের নতুন চাকরি এবং সুযোগ খোঁজার জন্য তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং দক্ষতা আছে তা নিশ্চিত করার মাধ্যমে আমরা সাফল্য সহজলভ্য করছি, যখন আমরা এই মহামারীর সাথে

লড়াই চালিয়ে যাচ্ছি," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "কর্মসংস্থানকে আরো সমন্বিত করে এবং কোন নিউ ইয়র্কবাসী পিছনে ফেলে না রেখে আমাদের চলমান কর্মী উন্নয়ন উদ্যোগ নারী, তরুণ এবং অন্যান্য দলের অর্থনৈতিক নিরাপত্তা উন্নয়নের প্রচেষ্টাকে সমর্থন করছে, যারা উল্লেখযোগ্য বাধার সম্মুখীন হচ্ছে। আমরা নিউ ইয়র্কবাসীদের কাছে একটি পরিষ্কার বার্তা পাঠাচ্ছি যে ভবিষ্যতের জন্য আরো ভালো, স্মার্ট এবং শক্তিশালী হিসেবে পুনর্গঠনের সময় সাফল্য লাভের জন্য তাদের যে প্রশিক্ষণ এবং দক্ষতা প্রয়োজন তা তাদের প্রদান করা হবে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ লেবার নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ওয়ার্কফোর্স ডেভেলপমেন্টের অফিস, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, নিউ ইয়র্কের দশটি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল, স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (State University of New York, SUNY) এবং সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্কের (City University of New York, CUNY) সাথে অংশীদারিত্ব করবে।

শিক্ষা কার্যক্রম প্রযুক্তি, লজিস্টিক, এবং উন্নত উৎপাদনের মত উদীয়মান প্রবৃদ্ধি শিল্পে সফল হওয়ার জন্য প্রয়োজনীয় দক্ষতা উন্নয়ন এবং উদ্যোক্তাদের সহায়তা প্রদানের উপর মনোযোগ প্রদান করবে। নিউ ইয়র্কের বহুমুখী পদক্ষেপে চারটি উপাদান অন্তর্ভুক্ত করা হবে:

1) বেশি আঘাত প্রাপ্ত নিউ ইয়র্ক সিটির জন্য শিক্ষা: নিউ ইয়র্ক সিটিতে, যা সবচেয়ে ক্ষতিগ্রস্ত COVID-19 সম্প্রদায়ের মধ্যে ছিল, CUNY সিস্টেম ইন-ডিমান্ড সেক্টর যেমন ডাটা অ্যানালিটিক্স, সাইবার সিকিউরিটি, উন্নত লজিস্টিক/সাপ্লাই চেইন, ডিজিটাল মার্কেটিং এবং যোগাযোগ, এবং সফটওয়্যার ডেভেলপমেন্টের জন্য প্রয়োজনীয় ডিজিটাল দক্ষতা অর্জনে বাসিন্দাদের প্রশিক্ষণ সাহায্য করবে।

2) SUNY তে "কাছাকাছি থাকুন, বহুদূর এগিয়ে যান": সারা রাজ্যের 30টি কমিউনিটি কলেজে উচ্চ বর্ধনশীল শিল্পে নিউ ইয়র্কবাসীদের প্রশিক্ষিত করতে SUNY তার বিদ্যমান "কাছাকাছি থাকুন, বহুদূর এগিয়ে যান" উদ্যোগকে কাজে লাগাবে, যার মধ্যে রয়েছে প্রযুক্তি, স্বাস্থ্যসেবা এবং উন্নত উৎপাদন, এবং তাদের নিজস্ব ব্যবসা খোলার জন্য প্রয়োজনীয় উদ্যোক্তা দক্ষতা প্রদান করা।

3) উদ্যোক্তা বুট ক্যাম্প: বিদ্যমান সম্পদের উপর ভিত্তি করে, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট উদ্যোক্তা এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য মহামারীর সময়ে এর পরে ব্যবসা পরিচালনার জন্য প্রশিক্ষণের জন্য বেশ কিছু নিবিড় কর্মশালা এবং বুট ক্যাম্পের আয়োজন করবে।

4) শিল্প ফোকাস, আঞ্চলিক ফলাফল: ডিপার্টমেন্ট অফ লেবার প্রস্তাবের জন্য একটি প্রতিযোগিতামূলক অনুরোধ জারি করবে এবং নিউ ইয়র্ক রাজ্যের দশটি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের সাথে কাজ করবে শিল্প-চালিত কর্মসূচী চিহ্নিত করার জন্য যা হয় চাকুরীপ্রার্থীদের বর্তমান স্থানীয় কর্মসংস্থানের চাহিদা পূরণের প্রশিক্ষণ দেবে অথবা ভবিষ্যৎ অর্থনৈতিক ও কর্মী উন্নয়নের চাহিদা পূরণের জন্য ডিজাইন করা হয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের শ্রম দপ্তরের কমিশনার রবার্টা রিয়ার্ডন বলেন, "COVID-19 জনস্বাস্থ্য জরুরি অবস্থা আমাদের জীবনের প্রায় প্রতিটি দিক বদলে দিয়েছে- যার মধ্যে রয়েছে আমাদের কর্মক্ষেত্র এবং কর্মীদল। মহামারীর সময় এবং মহামারীর পরে নিউ ইয়র্কবাসীদের সফল হওয়ার জন্য প্রস্তুত করা আমাদের দায়িত্ব, এবং এই নতুন প্রশিক্ষণের সুযোগ তাদের কাজে ফিরে যেতে এবং ছোট ব্যবসায়ীদের সমৃদ্ধিতে সাহায্য করার জন্য প্রয়োজনীয় দক্ষতা প্রদান করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক জে. গার্টলার বলেন, "কর্মীদের প্রশিক্ষণ দীর্ঘদিন ধরে ESD এর মিশনের একটি মৌলিক অংশ এবং আমাদের রাজ্যের ব্যবসাকে আরো ভালোভাবে গড়ে তুলতে সাহায্য করার একটি চাবিকাঠি হবে। এই তহবিল আমাদের নিউ ইয়র্কের শীর্ষ স্তরের পাবলিক বিশ্ববিদ্যালয়, কর্মশালা এবং বুট ক্যাম্পের শক্তির সাথে যৌথভাবে উন্নয়ন করতে এবং সমর্থন করে যা এই নতুন অর্থনৈতিক পরিবেশের চ্যালেঞ্জ মোকাবেলার জন্য প্রয়োজনীয় দক্ষ প্রতিভার সাথে উদ্যোক্তাদের সংযুক্ত করবে।"

স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক চ্যান্সেলর জিম মালাট্রাস বলেছেন, "মহামারী আমাদের চ্যালেঞ্জ করেছে অর্থনীতিকে চাঙ্গা করার জন্য সাহসী, সৃজনশীল, অভাবনীয় কৌশল চিহ্নিত করা এবং অনুসরণ করা এবং মানুষকে কাজে ফিরিয়ে আনার জন্য। নিজেদের সম্প্রদায়ে চাহিদার জন্য প্রয়োজনীয় বিশেষ দক্ষতার সাথে জনগণকে সংযুক্ত করা অর্থনীতির পুনর্গঠনের জন্য এবং কঠিন সময়ের মধ্য দিয়ে যাওয়া নিউ ইয়র্কবাসীরা যেন নিজেদের এবং তাদের পরিবারকে সমর্থন করার জন্য নতুন, অর্থবহ সুযোগ খুঁজে পেতে পারে তা নিশ্চিত করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। রিইমাজিন ওয়ার্কফোর্স প্রিপারেশন গ্র্যান্ট সেই গুরুত্বপূর্ণ প্রচেষ্টাকে একটি প্রধান গতিশীলতা প্রদান করবে।"

CUNY-এর চ্যান্সেলর ফেলিক্স ভি. ম্যাটস রডরিগেজ বলেন, "CUNY সকল নিউ ইয়র্কবাসীদের উচ্চ মানের সুযোগ পেতে সাহায্য করতে প্রতিশ্রুতিবদ্ধ যা ক্রমবর্ধমান কর্মসংস্থানের সাথে সংযুক্ত, যেহেতু আমাদের শহর এবং রাষ্ট্র অর্থনৈতিকভাবে পুনরুদ্ধার অব্যাহত রেখেছে। এই অনুদান CUNY ডিজিটাল মার্কেটিং, ডাটা অ্যানালিটিক্স, সফটওয়্যার এবং ওয়েব অ্যাপ ডেভেলপমেন্টের মত গুরুত্বপূর্ণ ক্ষেত্রে হাজার হাজার নিউ ইয়র্কবাসীকে সেবা করতে সক্ষম করবে।"

কংগ্রেসম্যান হোসে ই. সেরানো বলেন, "আমাদের নিশ্চিত করতে হবে যে নিউ ইয়র্কের শ্রমশক্তির সুযোগ পাওয়ার জন্য প্রয়োজনীয় দক্ষতা আছে, যখন আমরা COVID-19 থেকে পুনরুদ্ধার করছি। এই উদ্যোগ নিউ ইয়র্ক রাজ্যে বিনামূল্যে বা কম খরচে সহায়তা, শিক্ষা এবং প্রশিক্ষণে প্রবেশাধিকার প্রসারিত করবে- যা এই বিনিয়োগের জন্য নির্বাচিত মাত্র আটটি রাজ্যের একটি। কংগ্রেসে অনুমোদিত কেয়ারস অ্যাক্টের সৌজন্যে, এই সময়োপযোগী প্রচেষ্টা শেষ পর্যন্ত স্থানীয় শ্রমিক, উদ্যোক্তা এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের সুযোগ খুঁজে পেতে, ব্যবসায় টিকে থাকতে এবং COVID-19 এর পরে শক্তিশালী হয়ে উঠতে সাহায্য করবে।"

কংগ্রেসম্যান জোসেফ ডি. মোরেল বলেন, "COVID-19 লক্ষ লক্ষেরও বেশি নিউ ইয়র্কবাসীকে কাজের বাইরে নিয়ে গেছে এবং প্রতিটি সেক্টরের ব্যবসায় সংগ্রাম করতে হচ্ছে, যা আমাদের

অর্থনীতির ভবিষ্যৎকে গভীরভাবে বদলে দিয়েছে। এই মহামারী থেকে পুনর্গঠন এবং পুনরুদ্ধারের জন্য কর্মী উন্নয়নে সাহসী বিনিয়োগ প্রয়োজন, এবং কেয়ারস অ্যাক্টের মাধ্যমে গুরুত্বপূর্ণ তহবিল সুরক্ষিত করতে সাহায্য করে এই উদ্যোগকে বাস্তবে পরিণত করতে এবং শ্রমিক এবং ব্যবসায়ীদের তাদের প্রয়োজনীয় সমর্থন দিতে সহায়তা করতে পেরে আমি গর্বিত। এই সংকট জুড়ে তার দৃঢ় নেতৃত্বের জন্য এবং নিউ ইয়র্ককে নিরাপদ এবং শক্তিশালী করার জন্য তার অঙ্গীকারের জন্য আমি গভর্নর কুওমোর কাছে কৃতজ্ঞ।"

এই ফেডারেল অনুদান আসে যখন নিউ ইয়র্ক স্টেট তার দ্বিতীয় বার্ষিক কর্মী উন্নয়ন সচেতনতা সপ্তাহকে স্বীকৃতি দেয়, যা 28 সেপ্টেম্বর থেকে 4 অক্টোবর পর্যন্ত চলবে। এই সপ্তাহে, নিউ ইয়র্ক স্টেট কাজের প্রশিক্ষণ এবং উচ্চশিক্ষা কৌশল প্রদর্শন করবে যা ব্যবসা এবং শিল্প কর্মীদের চাহিদা পূরণ, আঞ্চলিক প্রতিভা পাইপলাইন উন্নয়ন, স্থানীয় কর্মী সত্তার নমনীয়তা এবং অভিযোজন বৃদ্ধি, এবং বিভিন্ন ক্রস-সেকশনের মানুষের জন্য কর্মক্ষেত্র শেখার সুযোগ প্রসারিত করতে সাহায্য করবে যারা স্টেটের এবং জাতির কর্মীদলের মূল ভিত্তি। এই প্রচেষ্টা আরো গুরুত্ব গ্রহণ করে যখন স্টেট COVID-19 মহামারীর সাথে লড়াই চালিয়ে যাচ্ছে, স্টেটের অর্থনৈতিক পুনরায় খোলা অব্যাহত রেখেছে, এবং আরো ভালোভাবে গড়ে তোলার প্রক্রিয়া শুরু করেছে।

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন